# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৫২

৩১/ হৃদয়-গলানো উপদেশ

পরিচ্ছেদঃ দাজ্জাল ও তার পরিচয়

## আরবী

وَعَنْ رِبعِيِّ بنِ حِرَاشٍ قَالَ : اِنْطَلَقْتُ مَعَ أَبِيْ مَسعُودٍ الأَنصَارِيِّ إِلَى حُذَيفَةَ بنِ اليَمَانِ فَقَالَ لَهُ أَبُو مَسْعُودٍ : حَدِّثْنِي مَا سَمِعْتَ مِنْ رَسُولِ اللهِ ﷺ فِي الدَّجَّالِ قَالَ إِنَّ الدَّجَّالَ يَخْرُجُ وَإِنَّ مَعَهُ مَاءً وَنَاراً فَأَمَّا الَّذِي يَرَاهُ النَّاسُ مَاءً فَنَارٌ تُحْرِقُ، وَأَمَّا الَّذِي يَرَاهُ النَّاسُ نَاراً فَمَاءٌ بَارِدٌ عَذْبٌ فَمَنْ أَدْرَكَهُ مِنْكُمْ فَلْيَقَعْ فِي الَّذِي يَراهُ نَاراً، فَإِنَّهُ مَاءٌ عَذْبٌ طَيِّبٌ فقال أبو مسعود: وَأَنَا قَدْ سَمِعْتُهُ متفق عليه

## বাংলা

(৩৮৫২) রিবঈ ইবনে হিরাশ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আবূ মাসঊদ আনসারী (রাঃ) এর সঙ্গে আমি হুযাইফা ইবনে ইয়ামান (রাঃ) এর নিকট গেলাম। আবূ মাসঊদ তাঁকে বললেন, ’দাজ্জাল সম্পর্কে যা আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে শুনেছেন, তা আমাকে বর্ণনা করুন।’ তিনি বলতে লাগলেন, ’দাজ্জালের আবির্ভাব ঘটবে। তার সঙ্গে থাকবে পানি ও আগুন। যাকে লোক পানি মনে করবে, বাস্তবে তা দগ্ধকারী আগুন এবং লোকে যাকে আগুন বলে মনে করবে, তা বাস্তবে সুমিষ্ট শীতল পানি হবে। অতএব তোমাদের মধ্যে যে কেউ তাকে (দেখতে) পাবে, সে যেন তাতে পতিত হয়, যাকে আগুন মনে করে। কেননা, তা বাস্তবে মিষ্ট উত্তম পানি।’ আবূ মাসঊদ (রাঃ) বলেন, এ হাদীসটি আমিও (স্বয়ং) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি।

## ফুটনোট

(বুখারী ৭১৩০, মুসলিম ৭৫৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67600

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন